

শুক্র-শনিবার পরীক্ষা আছে

হরতালে আজকের পরীক্ষা স্থগিত

যুগান্তর রিপোর্ট

এসএসসি ও সর্মমানের আজকের পরীক্ষা স্থগিত করা হয়েছে। বিএনপির নেতৃত্বাধীন ২০ দলীয় জোট হরতালের মেয়াদ শুক্রবার সকাল পর্যন্ত বাড়ানোর কারণে শিক্ষা মন্ত্রণালয় এ সিদ্ধান্ত নিয়েছে। তবে পরীক্ষা হবে নেয়া হবে সে সিদ্ধান্ত জানায়নি তারা। মঙ্গলবার এক সংবাদ বিজ্ঞপ্তিতে মন্ত্রণালয়ের জনসংযোগের দায়িত্ব পালনকারী উপপ্রধান তথ্য কর্মকর্তা সুবোধ চন্দ্র ঢালী এ তথ্য জানান। তিনি বলেন, 'এ পরীক্ষার সময়সূচি পরবর্তী সময়ে জানিয়ে দেয়া হবে।' আজ এসএসসিতে কৃষিশিক্ষা (তত্ত্বীয়), গার্হস্থ্য অর্থনীতি (তত্ত্বীয়), সঙ্গীত (তত্ত্বীয়), গার্হস্থ্য বিজ্ঞান (তত্ত্বীয়), ইংরেজি ভাষা ও সাহিত্য, বাংলা ভাষা ও সাহিত্য বিষয়ের পরীক্ষা ছিল। দাখিলে ছিল পৌরনীতি, মানতিক, কৃষিশিক্ষা (তত্ত্বীয়), গার্হস্থ্য অর্থনীতি (তত্ত্বীয়), উর্দু, ফার্সি, কম্পিউটার শিক্ষা (তত্ত্বীয়) বিষয়ের পরীক্ষা। আর এসএসসি ও দাখিল ভোকেশনালে এদিন কোনো পরীক্ষা ছিল না। এদিকে আগামীকাল শুক্রবার নেয়া হবে গত ২৪ ফেব্রুয়ারির স্থগিত পরীক্ষা। ২০ দলীয় জোটের হরতালের কারণে এ পরীক্ষা স্থগিত করা হয়েছিল। কাল এসএসসিতে ভূগোল ও পরিবেশ/ভূগোল, বাণিজ্যিক ভূগোল, দাখিলে অনিয়মিত পরীক্ষার্থীদের স্থগিত : পৃষ্ঠা ১৯ : কলাম ২

মঙ্গলবার সড়ক দুর্ঘটনায় নিহত শেরেবাংলা কৃষি বিশ্ববিদ্যালয়ের ছাত্র আলী আহমেদ আলিফের মায়ের আহাজারি

যুগান্তর

ক্ষোভে উজ্জ্বল ক্যাম্পাস

বাসচাপায় শেকুবি ছাত্র নিহত : ৩০ গাড়ি ভাঙুর

শেকুবি প্রতিনিধি

চলন্ত বাসের ধাক্কায় রাজধানীর শেরেবাংলা কৃষি বিশ্ববিদ্যালয়ের (শেকুবি) এক ছাত্র নিহত হয়েছেন। মঙ্গলবার সকাল সাড়ে ৮টায় বিশ্ববিদ্যালয়ের দ্বিতীয় গেট সংলগ্ন পুরনো বিমানবন্দরের প্রবেশপথের ৯ নম্বর গেটের সামনে বিহঙ্গ পরিবহনের যাত্রীবাহী বাসের (ঢাকা মেট্রো-১১-১২৩৩) ধাক্কায় ওই ছাত্র নিহত হন। তার নাম আলী আহমেদ আলিফ (২০)। তিনি বিশ্ববিদ্যালয়ের কৃষি অনুষদের প্রথম বর্ষের প্রথম সেমিস্টারের ছাত্র ছিলেন। তার গ্রামের বাড়ি ব্রাহ্মণবাড়িয়া জেলার বাজুরামপুর থানার বুড়ুড়িয়া গ্রামে। তিনি পরিবারের সঙ্গে ঢাকার বাজা নতুনবাজার এলাকায় থাকতেন। ছয় ভাই-বোনের মধ্যে নিহত আলিফ ছিলেন তৃতীয়। তার বাবার নাম আবুল হোসেন।

জানা গেছে, সকালে বিশ্ববিদ্যালয়ে ক্লাস করার উদ্দেশ্যে বাজা থেকে রওনা হন আলিফ। সকাল সাড়ে ৮টার দিকে বিশ্ববিদ্যালয়ের দ্বিতীয় গেটের সামনে মহাখালী-আগারগাঁও লিংক রোডে পুরাতন বিমানবন্দরের প্রবেশপথের ৯ নম্বর গেটের সামনে বাস থেকে নামার পর পেছন থেকে আসা একটি বাস আলিফকে ধাক্কা দেয়। এতে আলিফ গুরুতর আহত অবস্থায় রাস্তায় পড়ে



আলী আহমেদ আলিফ

থাকে। এরপর আশপাশের লোকজন তাকে উদ্ধার করে জাতীয় অর্থেপেডিক হাসপাতাল ও পুনর্বাসন কেন্দ্রে (পদ্ম হাসপাতাল) নিয়ে গেলে কর্তব্যরত চিকিৎসক তাকে মৃত ঘোষণা করেন। পল্লবী জ্বোনের সহকারী পুলিশ কমিশনার মো. কামাল হোসেন বলেন, বিহঙ্গ পরিবহনের বাসটি আটক করা হয়েছে। তবে চালক পালিয়ে গেছে। এ ঘটনায় বিশ্ববিদ্যালয়ের নিরাপত্তা কর্মকর্তা জাবের আলী বাদী হয়ে শেরেবাংলার থানায় মামলা করেছেন। এতে চালক ও হেলপারকে আসামি করা হয়েছে। এদিকে আলিফের মৃত্যুর সংবাদ নিহত : পৃষ্ঠা ১৯ : কলাম ৮